

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
অগ্নি অনুবিভাগ
www.ssd.gov.bd



সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের সেপ্টেম্বর ২০২০ এর মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. তরুণ কান্তি শিকদার অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
তারিখ	:	২৮/০৯/২০২০
সময়	:	সকাল ১১.০০ মিনিট
স্থান	:	জুম অনলাইন প্ল্যাটফর্ম।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে অত্র বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে আন্তরিক হওয়ার আহবান জানান। তিনি জানান, এপিএ'র টার্গেটসমূহের বিষয়ে দপ্তর/সংস্থার প্রধানগণের এবং মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণের আরো বেশি সহায়তা একান্ত প্রয়োজন। এ বিষয়ে আরো বেশি তৎপর এবং যত্নবান হলে ভালো ফলাফল অর্জন করা সম্ভব হবে বলে প্রতীয়মান হয়। এ প্রেক্ষাপটে দপ্তর/সংস্থা এবং মন্ত্রণালয়ের এপিএ যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।

০২। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি চূড়ান্তকরণের লক্ষ্যে ২৭/০৮/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। উপসচিব (অগ্নি শাখা-১) এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, সুরক্ষা সেবা বিভাগের ২০২০-২১ অর্থবছরের চূড়ান্ত এপিএ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে গত ২৪ আগস্ট ২০২০ তারিখে অনলাইনে দাখিল করা হয়। পরবর্তীতে গত ১৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। দপ্তর/সংস্থা এবং সুরক্ষা সেবা বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা/ অনুবিভাগসমূহের কর্মকর্তাগণকে নামের পাশে বর্ণিত কার্যক্রমসমূহের বিপরীতে বর্ণিত সূচকসমূহের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে প্রতিবেদন প্রমাণকসহ এই বিভাগের এপিএ টিম প্রধান/ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণের জন্য পত্র প্রদান করা হয়েছে। এছাড়া সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাগণকর্তৃক দপ্তর/সংস্থা এবং তাঁদের অধীন মাঠ পর্যায়ের অফিস/জেলা পরিদর্শনকালে চুক্তিতে বর্ণিত কার্যক্রমগুলো পরিদর্শনপূর্বক প্রতিবেদন এই বিভাগের এপিএ ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণের জন্য পত্র প্রদান করা হয়েছে।

০৪। ফোকাল পয়েন্ট কর্মকর্তা আরো জানান, মন্ত্রিপরিষদ বিভাগকর্তৃক সুরক্ষা সেবা বিভাগের ২০১৯-২০ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি চূড়ান্ত মূল্যায়নের লক্ষ্যে চাহিত সকল প্রমাণক পরবর্তী বিবেচনার জন্য প্রেরণ করা হয়েছে। অধীনস্থ দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন প্রতিবেদন মূল্যায়ন প্রক্রিয়ায় প্রদত্ত মতামত/ফলাবর্তক এর আলোকে লক্ষ্যমাত্রাসমূহ অর্জন/বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় প্রমাণক প্রেরণ করেছে। যার ভিত্তিতে মূল্যায়নের কাজ চলছে।


০৫। সভায় উপস্থিত এপিএ টিমের সদস্যবৃন্দ জানান যে, সাপ্তাহিক/পাক্ষিক ভিত্তিতে চুক্তি বাস্তবায়নের অগ্রগতি পরীক্ষা করা যেতে পারে। একইভাবে আওতাধীন দপ্তর/সংস্থাসমূহও এ ধরনের উদ্যোগ গ্রহণ করতে পারে। এর মাধ্যমে এপিএ বাস্তবায়ন সংক্রান্তে ০১টি অভ্যাস গড়ে ওঠতে পারে-যা সুষ্ঠুভাবে চুক্তি বাস্তবায়নে অত্যন্ত সহায়ক হবে।

০৬। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

(৬.১) ১৫ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে এপিএ বাস্তবায়ন সংক্রান্ত ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং APAMS সফট ওয়্যারে দাখিল করতে হবে। সে লক্ষ্যে প্রতিটি সূচকের বাস্তবায়ন অগ্রগতির হার প্রমাণকসহ এপিএ ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করতে হবে;

(৬.২) মাসিক সমন্বয় সভা এবং এডিপি বাস্তবায়ন সংক্রান্ত সভায় এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়াবলি নিয়মিত ফলোআপ করতে হবে।

০৭। পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব
প্রশাসন ও অর্থ
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ৭৪

তারিখ : ২৭ আশ্বিন ১৪২৭
১২ অক্টোবর ২০২০

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
- ০৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশিবাজার, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ০৬। যুগ্মসচিব(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। উপসচিব(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব.....(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো)।


(জাহিদুল ইসলাম)
উপসচিব (অগ্নি শাখা-১)
ও
এপিএ ফোকাল পয়েন্ট